C:\Users\Dell\Desktop\Notice All-22.docx

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
## বাংলাদেশ।

(একই তারিখ ও সূত্রের স্থলাভিষিক্ত)

স্মারক নংঃ জাতীঃবিঃ/পনি/মাফা/২০২৩/২০২৫/৯৯০ তারিখ ঃ ১৩/০৮/২০২৫

## ২০২৩ সালের মাস্টার্স শেষ পর্বের ইনকোর্স পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিত মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার আলোকে ২০২৩ সালের মাস্টার্স শেষ পর্বের প্রথম ইনকোর্স পরীক্ষা ২৪/০৯/২০২৫ থেকে ১৫/১০/২০২৫ এবং দ্বিতীয় ইনকোর্স পরীক্ষা ১৮/১১/২০২৫ থেকে ১১/১২/২০২৫ তারিখের মধ্যে গ্রহণ করতে হবে।

ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র প্রেরণের নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

০১। ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার ভিত্তিতে নম্বর বন্টন করতে হবে;

০২। ইনকোর্স পরীক্ষার ১৫% ও ক্লাসে উপস্থিতির জন্য ৫% এর মধ্যে মূল্যায়ন করতে হবে;

০৩। সংশ্লিষ্ট কলেজ নিজ দায়িত্বে পরীক্ষা গ্রহণ করবে;

০৪। সংশ্লিষ্ট শিক্ষকগণ উত্তরপত্র মূল্যায়ন করবে;

০৫। ইনকোর্স পরীক্ষার মূল্যায়িত উত্তরপত্র ও হাজিরাসীট গালাসীল করে পরিচালক, সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/গাজীপুর ক্যাম্পাসে হাতে হাতে/ডাকযোগে প্রেরণ করতে হবে;

০৬। পরীক্ষার ফরম পূরণের সময় ০২ (দুই) টি ইনকোর্স পরীক্ষার গড় নম্বর on-line এ এন্ট্রি দিতে হবে;

০৭। ইনকোর্স নম্বর ও ক্লাসে উপস্থিতির নম্বর ব্যতীত পরীক্ষার ফরম পূরণ করা যাবে না;

০৮। ইনকোর্স নম্বর ইনপুট দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। ইনকোর্স নম্বর ইনপুট দেয়ার পর তা আর পরিবর্তন করা যাবে না;

০৯। ০২ (দুই) টি ইনকোর্স পরীক্ষার খাতা পৃথক পৃথক প্যাকেট করে এক সঙ্গে পাঠাতে হবে।

প্যাকেটের উপর বড় করে "২০২৩ সালের মাস্টার্স শেষ পর্বের ইনকোর্স পরীক্ষা" লালকালিতে লিখতে হবে।

১৩/৮/২৫

মোঃ এনামুল করিম
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন নং ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

গাজীপুর ক্যাম্পাসে প্রেরণের ঠিকানা
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাস্টার্স শেষ পর্ব শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, গাজীপুর।